

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯০০

আগরতলা, ১৪ আগস্ট, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস
আগরতলায় ওপেন ক্রসকান্টি

৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে আজ সকালে আগরতলায় ওপেন ক্রসকান্টি দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বালক বিভাগে ৫ কিলোমিটার ও বালিকা বিভাগে ৩ কিলোমিটার ক্রসকান্টি দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বালক বিভাগে ৬১ জন এবং বালিকা বিভাগে ৫৪ জন অংশ নেন। পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন ও যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং ত্রিপুরা ক্রীড়া পর্ষদ ও ত্রিপুরা অ্যাথলেটিক্স অ্যাসোসিয়েশনের সহযোগিতায় এই ওপেন ক্রসকান্টি দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উমাকান্ত একাডেমী মাঠে পতাকা নেড়ে এই প্রতিযোগিতার উদ্বোধন করেন ত্রিপুরা ক্রীড়া পর্ষদের সচিব সুকান্ত মজুমদার। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আসাম রাইফেলসের ১৮নং ব্যাটেলিয়ানের কর্ণেল ইয়ানাম আকাশ, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ, ত্রিপুরা ক্রীড়া পর্ষদের যুগ্ম সচিব স্বপন সাহা, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যুগ্ম অধিকর্তা পাইমং মগ প্রমুখ। ওপেন ক্রসকান্টি দৌড় প্রতিযোগিতায় বালক বিভাগে ১ম, ২য় ও ৩য় হয়েছে যথাক্রমে সৌরভ হোসেন, অনিমেষ দে ও মোবারক হোসেন। বালিকা বিভাগে ১ম, ২য় ও ৩য় হয়েছে যথাক্রমে লক্ষ্মীরানী ত্রিপুরা, অন্তরা ঘোষ ও অরিজিতা সাহা। অনুষ্ঠান শেষে অতিথিগণ বিজয়ীদের পুরস্কৃত করেন। তাছাড়াও উভয় বিভাগে চতুর্থ থেকে দশম স্থানাধিকারীদের প্রত্যেককে সান্ত্বনা পুরস্কার দেওয়া হয়।
